দৈনিক
ইত্তেফাক


তারিখ ..24.OCT..2015...
পৃষ্ঠা ...5... কলাম ...4...



letters.ittefaq@gmail.com

# জাতীয় শিক্ষানীতি ২০১০-এর পূর্ণাঙ্গ বাস্তবায়ন চাই

মো. শহীদুর রহমান




ক্যালেন্ডারের পাতা থেকে ২০১৫ সাল বিদায় নিতে চলেছে। মাত্র দু'মাস পরই শুরু হবে ২০১৬ সাল। আর ২০১৬ সালের প্রথম দিন থেকেই শুরু হবে দেশের প্রতিটি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের নতুন শ্রেণিতে নব উদ্যমে শিক্ষার্থীদের নতুনভাবে পড়ালেখা।

আমরা অত্যন্ত আগ্রহভরে প্রত্যাশা করেছিলাম যে,সরকার ২০১৬ সাল থেকে সারাদেশের প্রাথমিক শিক্ষাস্তর ৮ম শ্রেণি এবং মাধ্যমিক শিক্ষাস্তর দ্বাদশশ্রেণি পর্যন্ত চালু করার জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করবে এবং জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়নকল্পে একটি পূর্ণাঙ্গ আইন প্রণয়ন করবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, জাতীয় শিক্ষানীতি ২০১০ এখনো প্রস্তাবিত আকারে রয়েছে এবং এই লক্ষ্যে ২৯ অক্টোবর ২০১৫ পর্যন্ত খসড়া আইনের ওপর শিক্ষা মন্ত্রণালয় সবার মতামত চেয়েছে। এজন্য আইনটির খসড়া শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া হয়েছে। এ থেকে প্রতীয়মান হয় যে, আগামী বছরও জাতীয় শিক্ষানীতি-২০১০-এর আলোকে প্রাথমিক শিক্ষাস্তর ৮ম শ্রেণি এবং মাধ্যমিক শিক্ষাস্তর দ্বাদশ শ্রেণি পর্যন্ত চালু হচ্ছে না।

পরিশেষে আবেদন, ২০১৬ সাল থেকে দেশের প্রত্যেকটি উপজেলার অন্তত ১০টি করে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে পরীক্ষামূলকভাবে প্রাথমিক শিক্ষাস্তর ৮ম শ্রেণি এবং মাধ্যমিক শিক্ষাস্তর দ্বাদশ শ্রেণি পর্যন্ত চালু করা হোক এবং এক্ষেত্রে সেইসব শিক্ষাপ্রতিষ্ঠানকেই প্রাধান্য দেওয়া হোক, যেসব প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠানে অধিকসংখ্যক স্নাতক ডিগ্রিধারী শিক্ষক এবং মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষকের সংখ্যা তুলনামূলক বেশি রয়েছে।

লালমনিরহাট